দৈনিক ইত্তেফাক

তারিখ 22 SEP 1992 পৃষ্ঠা ৬ কলাম ৪

# ৩টি সরকারী কলেজে বহু শিক্ষকের পদ শূন্য

৩টি সরকারী কলেজে বহু শিক্ষকের পদ দীর্ঘ দিন যাবৎ শূন্য থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাকের ৩ জন সংবাদদাতার।

**পাবনা:** ১৯৯২ সালে জেলায় শ্রেষ্ঠ কলেজ হিসাবে নির্বাচিত 'পাবনা সরকারী শহীদ বুলবুল কলেজে' দীর্ঘদিন যাবৎ বিভিন্ন বিভাগে ২৭টি শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। জানা গিয়াছে, উক্ত কলেজের ইংরেজী বিভাগে ২ জন সহকারী অধ্যাপক ও ৩ জন প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস ও প্রাণিবিদ্যা বিভাগে ২ জন করিয়া প্রভাষক, দর্শন ও পদার্থবিদ্যা বিভাগে ১ জন করিয়া প্রভাষক এবং হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, কৃষিবিজ্ঞান, বাংলা, অর্থনীতি, বাণিজ্য ও রসায়ন বিভাগে ১ জন করিয়া সহকারী অধ্যাপক ও ১ জন করিয়া প্রভাষকের পদ শূন্য রহিয়াছে। শিক্ষকদের শূন্যপদ পূরণের দাবীতে কলেজ ছাত্র সংসদ প্রায় প্রতিদিন মিছিল মিটিং করিতেছে।

**বাগেরহাট:** স্থানীয় সরকারী পিসি কলেজে দীর্ঘদিন

(৫ম পৃঃ দ্রঃ)

## ৩টি সরকারী কলেজে

(৩য় পৃঃ পর)

যাবৎ বহু শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। ইতিমধ্যে কয়েকজন শিক্ষক বদলী হইয়া যাওয়ায় কলেজে ছাত্রছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে। এদিকে কলেজে বিভিন্ন কর্মচারীর পদ শূন্য থাকায় ছাত্র/ছাত্রীরা পাঠাগারের সুযোগ-সুবিধা হইতেও বঞ্চিত হইতেছে।

**রংপুর:** রংপুর সরকারী কলেজে ১৫টি গুরুত্বপূর্ণ পদে দীর্ঘদিন ধরিয়া শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। এই শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য কলেজের অধ্যক্ষ বহু লেখালেখি করিয়া কোন ফল পান নাই।

এদিকে রংপুর কলেজের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ অবিলম্বে শূন্যপদে শিক্ষক নিয়োগ এবং অনার্স ক্লাস খোলার দাবী জানায়।